গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ২৫ মার্চ ২০১৫, ১১ চৈত্র ১৪২১**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। একনেকে পাঁচ প্রকল্প অনুমোদন
২। সরকারি প্রতিষ্ঠানে অডিট আপত্তি বাজেটের ৩ গুণ : অর্থমন্ত্রী
৩। চিনিকলের আধুনিকায়নে প্রযুক্তি দিতে আগ্রহী চীন
৪। ফার্নিচার রপ্তানিতে নগদ সহায়তা দেবে সরকার : বাণিজ্যমন্ত্রী
৫। মোবাইল গ্রাহক ১২ কোটি ২৬ লাখের বেশি
৬। ডব্লিউআইপি পুরস্কার জিতেছে বাংলাদেশ
৭। বাংলাদেশের অর্থনীতি চার ঝুঁকিতে : এডিবির পর্যালোচনা
৮। সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র জমার সুবিধার্থে শুক্র ও শনিবার ব্যাংক খোলা
৯। আগামী বাজেটে কৃষি খাতে বরাদ্দ বাড়ানোর সুপারিশ
১০। পুষ্টির অভাবে রক্তশূন্যতায় ভুগছে দেশের অর্ধেক নারী
১১। হরতাল-অবরোধে আড়াই মাসে রেলের ক্ষতি সাড়ে ৩৩ কোটি টাকা

চলমান পাতা/২

১। একনেকে পাঁচ প্রকল্প অনুমোদন

রাজশাহী জোনের বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়নে ৯১৫ কোটি টাকার প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এ প্রকল্পের আওতায় ১৩৭৫ কি. মি. নতুন বিতরণ লাইন নির্মাণ ও ১৮০৮ কি. মি. পুরাতন বিতরণ লাইন সংস্কার করা হবে। ফলে ৭৭৫ মেগাওয়াট বিদ্যুৎ লোড বৃদ্ধি পাবে। ২ লাখ নতুন গ্রাহক বিদ্যুৎ সেবার আওতায় আসবে। সিস্টেম লস কমবে ৪ ভাগ। শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে গতকাল ২৪ মার্চ মঙ্গলবার এ প্রকল্পটিসহ মোট ৫টি প্রকল্প অনুমোদন করা হয়। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা। বৈঠক শেষে অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এম এ মান্নান সাংবাদিকদের প্রকল্পগুলোর বিভিন্ন তথ্য অবহিত করেন। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.৩), সংবাদ (শেষ পৃ.,ক.৩), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৩), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.৩)।

২। সরকারি প্রতিষ্ঠানে অডিট আপত্তি বাজেটের ৩ গুণ : অর্থমন্ত্রী

সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে অনিস্পত্তি অডিটের সংখ্যা আট লাখ ৫৩ হাজার ৩১৪টি। যার সংশ্লিষ্ট অর্থের পরিমাণ ৬ লাখ ১৫ হাজার ৬০৬ দশমিক ৩৬ কোটি টাকা। ২০১৪-১৫ সালের ঘোষিত বাজেটের পরিমাণের সঙ্গে তুলনা করলে তা জাতীয় বাজেটের প্রায় তিনগুণ। চলতি অর্থবছরে দুই লাখ ৫০ হাজার ৫০৬ কোটি টাকার বাজেট ঘোষণা করা হয়। গতকাল ২৪ মার্চ মঙ্গলবার জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত সংসদকে এ তথ্য জানান। সূত্র-যুগান্তর (পৃ.১৭,ক.৪), সমকাল (পৃ.১৭,ক.১)।

৩। চিনিকলের আধুনিকায়নে প্রযুক্তি দিতে আগ্রহী চীন

বাংলাদেশের রাষ্ট্রায়ত্ত কাগজ ও চিনিকলগুলোর আধুনিকায়নে প্রযুক্তি সহায়তা দিতে আগ্রহ দেখিয়েছে চীন। বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত মা মিংকিয়াং গতকাল ২৪ মার্চ মঙ্গলবার শিল্পমন্ত্রী আমির হোসেন আমুর সঙ্গে অনুষ্ঠিত বৈঠকে এই আগ্রহের কথা জানান। শিল্প মন্ত্রণালয়ে বৈঠকটি অনুষ্ঠিত হয়। মন্ত্রণালয় থেকে পাঠানো বিজ্ঞপ্তিতে এসব জানানো হয়। সূত্র-প্রথম আলো (পৃ.১২,ক.২), ইত্তেফাক (পৃ.১৮,ক.১), সংবাদ (পৃ.১৪,ক.৩)।

৪। ফার্নিচার রপ্তানিতে নগদ সহায়তা দেবে সরকার : বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, ফার্নিচার রপ্তানিতে সরকার নগদ অর্থ সহায়তা দেবে। তিনি বলেন, রপ্তানি পণ্য বহুমুখীকরণ এবং বাজার সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রচলিত পণ্যের পাশাপাশি যেসব পণ্য রপ্তানি বাড়ানোর চেষ্টা চলছে, ফার্নিচার এর মধ্যে অন্যতম। বাংলাদেশে প্রস্তুতকৃত ফার্নিচার বিশ্বব্যাপী জনপ্রিয়তা অর্জন করেছে। ব্যবসায়ীদের পরামর্শ মোতাবেক নগদ অর্থ সহায়তার ব্যবস্থা নেওয়া হয়েছে। গতকাল ২৪ মার্চ মঙ্গলবার রাজধানীর যমুনা ফিউচার পার্কে তিন দিনব্যাপী আন্তর্জাতিক ফার্নিচার মেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.২), প্রথম আলো (পৃ.১৩,ক.৩), যুগান্তর (শেষ পৃ.,ক.১), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.২)।

৫। মোবাইল গ্রাহক ১২ কোটি ২৬ লাখের বেশি

বর্তমানে মোবাইল অপারেটর কোম্পানিগুলোর সর্বমোট গ্রাহক সংখ্যা হচ্ছে ১২ কোটি ২৬ লাখ ৫৬ হাজার ৬৬২ জন। এর মধ্যে গ্রামীণফোন বাংলাদেশ লিমিটেডের গ্রাহক সংখ্যা সবচেয়ে বেশি পাঁচ কোটি ১৫ লাখ ৯৮ হাজার ৫৬০ জন। গতকাল ২৪ মার্চ মঙ্গলবার জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে এ তথ্য জানান সংসদকার্যে দায়িত্বপ্রাপ্ত ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী ওবায়দুল কাদের। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), নিউ নেশন (শেষ পৃ.,ক.২)।

৬। ডব্লিউআইপি পুরস্কার জিতেছে বাংলাদেশ

বিশ্ব অর্থনৈতিক ফোরামের সাম্প্রতিক এক সমীক্ষায় লিঙ্গবৈষম্য বিলোপে শীর্ষ ১০টি দেশের অন্যতম হওয়ায় সম্মানজনক উইমেন ইন পার্লামেন্টস (ডব্লিউআইপি) পুরস্কার জিতেছে বাংলাদেশ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম গতকাল ২৪ মার্চ মঙ্গলবার ইথিওপিয়ার আদ্দিস আবাবায় আফ্রিকা ইউনিয়নের সদর দপ্তরে পুরস্কার গ্রহণ করেন। পররাষ্ট্র মন্ত্রণালয় গতকাল ২৪ মার্চ মঙ্গলবার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, রাজনীতিতে লিঙ্গবৈষম্য বিলোপে আঞ্চলিক নেতৃত্বের স্বীকৃতি হিসেবে এ পুরস্কার দেওয়া হয়েছে। সূত্র-প্রথম আলো (পৃ.২,ক.২), জনকন্ঠ (পৃ.৩,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৩)।

৭। বাংলাদেশের অর্থনীতি চার ঝুঁকিতে : এডিবির পর্যালোচনা

বাংলাদেশের অর্থনীতি এখন রাজনৈতিক অস্থিরতাসহ চারটি নিম্নমুখী ঝুঁকিতে রয়েছে। এ অভিমত এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি)। সংস্থাটি বলেছে, অশান্ত রাজনৈতিক পরিস্থিতি ২০১৫ সালে বাংলাদেশের অগ্রগতিকে বাধাগ্রস্ত করবে। চলতি অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি হতে পারে ৬ দশমিক ১ শতাংশ, যা গত অর্থবছরের সমান। গতকাল ২৪ মার্চ মঙ্গলবার এডিবি তার বার্ষিক প্রধান প্রকাশনা এশিয়ান ডেভেলপমেন্ট আউটলুক-২০১৫ প্রকাশ করেছে, যেখানে দেশওয়ারি পর্যালোচনায় বাংলাদেশ সম্পর্কে মতামত দেওয়া হয়েছে। সূত্র-সমকাল (পৃ.১৪,ক.৪), প্রথম আলো (পৃ.১৩,ক.৪), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৩)। ফিনানসিয়াল এক্সপ্রেস এ বিষয়ে লিড নিউজ

ছেপেছে।

৮। সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র জমার সুবিধার্থে শুক্র ও শনিবার ব্যাংক খোলা

ঢাকা উত্তর ও দক্ষিণ এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনের মনোনয়নপত্র জমা দেওয়ার সুবিধার্থে আগামী ২৭ মার্চ শুক্র ও ২৮ মার্চ শনিবার সাপ্তাহিক ছুটির দিনেও নির্বাচনী এলাকার সব ব্যাংকের শাখা খোলা রাখার নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। আগামী ২৯ মার্চ রোববার মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন হওয়ায় নির্বাচন কমিশন সচিবালয়ের অনুরোধের পরিপ্রেক্ষিতে এ নির্দেশনা দেওয়া হয়েছে। গতকাল ২৪ মার্চ মঙ্গলবার এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করে ব্যাংকগুলোর প্রধান নির্বাহীদের কাছে পাঠানো হয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), সমকাল (পৃ.২,ক.১), ইনকিলাব (পৃ.১,ক.১)।

৯। আগামী বাজেটে কৃষি খাতে বরাদ্দ বাড়ানোর সুপারিশ

আগামী বাজেটে কৃষি খাতে বরাদ্দ বাড়াতে হবে। এছাড়া এ খাতে বিদ্যমান সুযোগ-সুবিধা সরাসরি কৃষকের হাতে পৌঁছে দেওয়ার পথ খুঁজে বের করা দরকার। পাশাপাশি কৃষি খাতে উৎপাদন বাড়াতে হলে প্রশিক্ষণ ও প্রযুক্তির ব্যবহারে বিশেষ নজর দেওয়া প্রয়োজন। আগামী ২০১৫-১৬ সালের বাজেট সামনে রেখে গতকাল ২৪ মার্চ মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে বেসরকারি উন্নয়ন সংস্থা সিএসআরএল বা গ্রামীণ জীবনযাত্রার স্থায়িত্বশীল উন্নয়নের জন্য প্রচারাভিযান আয়োজিত এক গোলটেবিল আলোচনায় এসব সুপারিশ তুলে ধরা হয়। সূত্র-প্রথম আলো (পৃ.১২,ক.৩), ইত্তেফাক (পৃ.৩,ক.৩), সংবাদ (শেষ পৃ.,ক.১), নিউ নেশন বিজনেস (পৃ.১,ক.৪)।

১০। পুষ্টির অভাবে রক্তশূন্যতায় ভুগছে দেশের অর্ধেক নারী

মাতৃস্বাস্থ্য উন্নয়নে গত ১৫ বছরে বাংলাদেশ বিশ্বে ঈর্ষণীয় সাফল্য দেখালেও সঠিক পুষ্টির অভাবে দেশের অর্ধেক নারী এখনও রক্তশূন্যতায় ভুগছে। বাংলাদেশ স্বাস্থ্য ও জনমিতি জরিপ এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) ও বৈশ্বিক বিভিন্ন গবেষণায় এই তথ্য উঠে এসেছে। গবেষণায় দেখা গেছে, প্রসূতি নারীরাই অধিক হারে পুষ্টিহীনতায় ভুগছে। পুষ্টির ঘাটতির প্রধান কারণ আর্থিক নয়। সচেতনতার অভাব ও খাদ্যাভ্যাস বা মানসম্পন্ন খাদ্য গ্রহণ না করাই এর মূল কারণ। গবেষণায় বলা হচ্ছে, পুষ্টি ঘাটতির শিকার কর্মজীবী নারীদের কর্মক্ষমতা ও সৃষ্টিশীলতা কম হয়। সুস্থ-সবল ও মেধাদীপ্ত সন্তান জন্মেও বেশিরভাগ ক্ষেত্রে ব্যর্থ হচ্ছেন তারা। তবে দীর্ঘমেয়াদি বিবেচনায়, নারীদের এই পুষ্টিহীনতার মূল আঘাতটি লাগছে অর্থনৈতিক প্রবৃদ্ধির ক্ষেত্রে, তথা সামগ্রিক অর্থনীতিতে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৩)।

১১। হরতাল-অবরোধে আড়াই মাসে রেলের ক্ষতি সাড়ে ৩৩ কোটি টাকা

বিএনপি-জামায়াত জোটের লাগাতার অবরোধ ও হরতালে গত আড়াই মাসে সারাদেশে রেলওয়ে প্রায় সাড়ে ৩৩ কোটি টাকার ক্ষতির শিকার হয়েছে। এর মধ্যে ট্রেনে অগ্নিসংযোগ, রেললাইন উপড়ে ফেলা, ফিস প্লেট খুলে ফেলাসহ ১৩১টি নাশকতার ঘটনায় সাড়ে ৩ কোটি টাকার সম্পদ ক্ষতি হয়েছে। এছাড়া অবরোধ ও হরতালে নিরাপত্তার আশঙ্কায় ট্রেনে যাত্রা বাতিল ও সিডিউল বিপর্যয়ের কারণে প্রায় ৩০ কোটি টাকার রাজস্ব ক্ষতি হয়েছে বলে রেলওয়ে সূত্র জানায়। সূত্র-সংবাদ (শেষ পৃ., ক.২)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, যুগান্তর, নিউ এজ : আসন্ন সিটি কর্পোরেশন নির্বাচনের জন্য একটি সুষ্ঠু নির্বাচনের পরিবেশ সৃষ্টিতে সব পক্ষকেই নমনীয় ও আন্তরিক হওয়ার আহ্বান;

খ. ইত্তেফাক, নিউ এজ : যক্ষ্মার প্রকোপে বিশ্বের ২২টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ষষ্ঠ উল্লেখ করে সকলে সচেতন ও আন্তরিক হলে যক্ষ্মার প্রকোপ লাঘব হবে বলে প্রত্যাশা;

গ. সংবাদ, জনকণ্ঠ : আজ ২৫ মার্চ কালরাত্রি। ১৯৭১ এর এদিনের ভয়াল রাতে যারা প্রাণ উৎসর্গ করেছিলেন তাদের সবার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন;

ঘ. যুগান্তর : টানা অবরোধ-হরতাল কর্মসূচি অর্থনৈতিক কর্মকাণ্ডে নেতিবাচক প্রভাব ফেলায় নিম্ন আয়ের মানুষ গ্রামমুখী হওয়ার প্রসঙ্গ তুলে ধরে রাজনৈতিক স্থিতিশীলতার প্রত্যাশা;

ঙ. সমকাল : জেএমবির ছদ্মবেশী জঙ্গি তৎপরতা প্রতিরোধে সবাইকে সতর্ক ও সক্রিয় থাকার আহ্বান;

চ. ইনকিলাব : পুলিশের প্রতি সাধারণ মানুষের আস্থা পুনঃপ্রতিষ্ঠায় পুলিশকে বেআইনি কর্মকাণ্ড ও মানবাধিকার লঙ্ঘন থেকে বিরত থাকার সুপারিশ;

ছ. ডেইলি স্টার : আন্তর্জাতিক পাইকারি ক্রেতাদের চাহিদা অনুযায়ী বাংলাদেশে ডেনিম প্রস্তুতকারকদের পণ্যের মূল্য সহনীয় রাখতে ও গুণগতমান উন্নত করতে আরও সচেষ্ট হওয়ার আহ্বান;

জ. ইন্ডিপেনডেন্ট : ড্রাগ আসক্তির কারণে অমানবীক আচরণ বেড়ে যাওয়ায় ড্রাগের হাত থেকে তরুণ প্রজন্মকে রক্ষায় আরও সচেতনতামূলক পদক্ষেপ গ্রহণের প্রত্যাশা;

ঝ. ডেইলি সান : অপ্রয়োজনীয় চাল আমদানি বন্ধ না হলে চালকল মালিকরা ব্যবসা হারাবে ও চাষীরা ধান উৎপাদনে নিরুৎসাহিত হয়ে পড়বে বলে আশঙ্কা প্রকাশ;

ঞ. নিউজ টুডে : বিদেশে নারী গৃহকর্মী পাঠানোর আগে যথার্থ প্রশিক্ষণ ও নিরাপত্তার ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ট.	ডেইলি অবজারভার : আসন্ন এইচএসসি পরীক্ষা প্রদত্ত রুটিন অনুযায়ী হবে বলে শিক্ষামন্ত্রীর অভিমতের প্রতি একমত হয়ে রাজনীতিবিদদের এ ব্যাপারে সঠিক সিদ্ধান্ত নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে যত বেশি তরুণ একাত্তরের ২৫ মার্চ রাতের অনুপ্রেরণায় ফিরবেন, জয়ের পতাকা তত উচ্চতায় উড়বে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত 'পদোন্নতি প্রদানে অনিয়মের অবসান হোক' শিরোনামের নিবন্ধে আবদুল লতিফ মন্ডল পদোন্নতির মাপকাঠি হোক কর্মকর্তাদের দক্ষতা, সততা ও জ্যেষ্ঠতা। তাহলে জনপ্রশাসনের কর্মকর্তারা নিরপেক্ষভাবে নাগরিক সেবা প্রদানে সক্ষম হবেন বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা